# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১


তারিখ: ১৮.১০.২০২৫

<u>প্রেস রিলিজ</u>

পাবিপ্রবি'র শিক্ষকদের জন্য কর্মশালা শুরু

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ শনিবার (১৮ অক্টোবর) শিক্ষকদের জন্য দুদিনব্যাপী 'কোর্স ফাইল অ্যান্ড কোর্স আউটলাইন প্রিপারেশন' বিষয়ে একটি কর্মশালা সকাল ১০টায় কনভেনশন হলে অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম।

রিসোর্স পারসন হিসেবে কর্মশালা পরিচালনা করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা ডিসিপ্লিনের ও আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. সালাউদ্দিন। প্রথম ব্যাচে বিশ্ববিদ্যালয়ের প্রভাষক ও সহকারী অধ্যাপকগণ কর্মশালায় অংশগ্রহণ করেন। আগামীকাল দ্বিতীয় ব্যাচে সহযোগী অধ্যাপক ও অধ্যাপকগণ কর্মশালায় অংশগ্রহণ করবেন।

উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. নজরুল ইসলাম বলেন, 'আমাদের হাতে-কলমে শিখতে হবে। সীমিত সম্পদের মধ্যে সর্বোচ্চটুকু দিতে হবে; সেক্ষেত্রে সকলের সহযোগিতা লাগবে। স্বল্প সুযোগ-সুবিধার মধ্যেও আমরা ভালো করছি। একটি প্রক্রিয়ার মধ্যে থেকে কাজগুলো সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।'

সভাপতিত্ব করেন ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাস্যুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা এবং সহযোগিতায় ছিলেন অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মো. নূর আলম।

সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. মো. আসফাকুর রহমান।

*১৮.১০.২০২৫*
(মো. বাবুল হোসেন)
উপপরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।